

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, লোহাগড়া, নড়াইল
<http://doict.lohagara.narail.gov.bd>

স্মারক নম্বর: ৫৬.০৪.৬৫৫২.০০০.২৩.০০৪.২২.৪১

তারিখ: ২৪ কার্তিক ১৪২৯

০৯ নভেম্বর ২০২২

বিষয়: ‘ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২’ উদ্যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিতব্য অনলাইন কুইজ প্রতিযোগিতায় নিবন্ধন করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ তারিখ দেশব্যাপী জাতীয়ভাবে ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২ উদ্যাপিত হবে। উক্ত দিবস উদ্যাপন উপলক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক একটি অনলাইন কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় বয়স অনুযায়ী ০৩ টি গ্রুপে (গ্রুপ ক: ৮-১২ বছর, গ্রুপ খ: ১৩-১৮ বছর, গ্রুপ গ: ১৯-তদুর্ধ্ব বছর) সকল বাংলাদেশি নাগরিক অংশগ্রহণ করতে পারবেন। অনলাইন কুইজ প্রতিযোগিতায় নিবন্ধনকৃতগণ গ্রুপ ক: ২৯ নভেম্বর ২০২২, গ্রুপ খ: ০১ ডিসেম্বর ২০২২, গ্রুপ গ: ০২ ডিসেম্বর ২০২২ তারিখ সন্ধ্যা ৭টা থেকে ৮টার মধ্যে যে কোনো সময় অংশগ্রহণ করতে পারবেন। অনলাইন নিবন্ধন কার্যক্রম গত ০১ নভেম্বর ২০২২ তারিখ হতে শুরু হয়েছে যা আগামী ২৬ নভেম্বর ২০২২ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত অব্যাহত থাকবে।

এমতাবস্থায়, শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান হতে বাধ্যতামূলক ১০০ জন শিক্ষার্থীকে অনলাইন কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্তে অনলাইন নিবন্ধন সম্পন্ন করে অত্র কার্যালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অনলাইন কুইজ প্রতিযোগিতায় নিবন্ধনের গাইডলাইন

০১। প্রথমে <https://www.quiz.digitalbangladesh.gov.bd/> এই লিংকে প্রবেশ করুন।

০২। “নিবন্ধন” বাটনে ক্লিক করুন।

০৩। প্রয়োজনীয় সকল তথ্য (নাম, মোবাইল নম্বর, জন্ম তারিখ, পাসওয়ার্ড, ক্যাপচা) পূরণ করে “নিবন্ধন করুন” বাটনে ক্লিক করুন। উল্লেখ্য, জন্ম তারিখ অনুযায়ী সয়ংক্রিয়ভাবে গ্রুপ নির্ধারিত হয়ে যাবে। ০১ টি মোবাইল নম্বর দিয়ে শুধুমাত্র ০১ জন নিবন্ধন করতে পারবেন।

০৪। নিবন্ধন সম্পন্ন হলে “ধন্যবাদ” উইন্ডো দেখা যাবে। উইন্ডোটি ক্রস (x) ক্লিক করে বন্ধ করুন।

০৫। “প্রোফাইল আপডেট” বাটনে ক্লিক করুন। সকল তথ্য সঠিকভাবে পূরণ করুন। তারকা (*) চিহ্নিত তথ্যসমূহ আবশ্যিকভাবে পূরণ করতে হবে।


০৬। “আপডেট করুন” বাটনে ক্লিক করলে প্রোফাইল আপডেট সম্পন্ন হবে।

০৭। “কুইজ অনুশীলন” বাটনে ক্লিক করে কুইজের অনুশীলন করা যাবে।

০৮। নির্ধারিত তারিখ ও সময়ে লগইন করার পর “কুইজ শুরু করুন” বাটনে ক্লিক করে কুইজ শুরু করতে পারবেন।

০৯। পাসওয়ার্ড ভুলে গেলে লগইন পেজে প্রবেশ করে “পুনরুদ্ধার করুন” বাটনে ক্লিক করে সহজেই পাসওয়ার্ড পেয়ে যাবেন।

১০। নিবন্ধন সংক্রান্ত যেকোনো পরামর্শের জন্য নিম্ন স্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করা যেতে পারে।



৯-১১-২০২২

শেখ মোহাম্মদ ফয়সল

সহকারী প্রোগ্রামার

ফোন: +8802477774327

ইমেইল: faisal@doict.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক,

ইতনা মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ/লোহাগড়া সরকারি

পাইলট উচ্চ বিদ্যালয়/লক্ষ্মীপাশা আদর্শ বিদ্যালয়/


লোহাগড়া লক্ষ্মীপাশা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়/
মল্লিকপুর ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয়/ কাশিপুর এ,সি,
মাধ্যমিক বিদ্যালয়/ চাচই ধানাইড় মাধ্যমিক বিদ্যালয়/
আমডাঙ্গা আদর্শ মাধ্যমিক বিদ্যালয়/ মরিচপাশা
মাধ্যমিক বিদ্যালয়/ দিঘলিয়া আদর্শ মাধ্যমিক বিদ্যালয়/
কে,ডি,আর,কে মাধ্যমিক বিদ্যালয়/ এল,এস,জে,এন
ইউনিয়ন ইনস্টিটিউশন/ নলদী বি,এস,এস মাধ্যমিক
বিদ্যালয়/ মিঠাপুর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়/ মাকড়াইল
কে,কে,এস, ইন্সটিটিউশন/ হাজী মোফাজ্জেল স্মরণী
মাধ্যমিক বিদ্যাপীঠ/ লাহড়িয়া হাফেজ আব্দল করিম
একাডেমী, লোহাগড়া, নড়াইল।

স্মারক নম্বর: ৫৬.০৪.৬৫৫২.০০০.২৩.০০৪.২২.৪১/১

তারিখ: ২৪ কার্তিক ১৪২৯
০৯ নভেম্বর ২০২২

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লোহাগড়া, নড়াইল।



৯-১১-২০২২

শেখ মোহাম্মদ ফয়সল
সহকারী প্রোগ্রামার